রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ২৪, ২০০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা

## প্রজ্ঞাপন

তারিখ, ২৪শে মে ২০০১/১০ই জ্যৈষ্ঠ ১৪০৮

**এস,আর, ও নং ১৩০-আইন/২০০১**—আর্থিকভাবে অসচ্ছল, সহায় সম্বলহীন এবং নানাবিধ আর্থ-সামাজিক কারণে বিচার প্রাপ্তিতে অসমর্থ ব্যক্তিগণকে আইনগত সহায়তা প্রদানের উদ্দেশ্যে জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা আইনগত সহায়তা প্রদান আইন, ২০০০ (২০০০ সনের ৬নং আইন) এর ধারা ৭(ক) এর বিধান মোতাবেক নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করিল, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনামা**।—এই নীতিমালা আইনগত সহায়তা প্রদান নীতিমালা, ২০০১ নামে অভিহিত হইবে।

২। **আইনগত সহায়তা প্রাপকের যোগ্যতা**।—অন্যান্যের মধ্যে, নিম্নবর্ণিত ব্যক্তিগণ আইনগত সহায়তা পাওয়ার যোগ্য বলিয়া বিবেচিত হইতে পারে, যথাঃ—

(ক) কর্মক্ষম নন, আংশিক কর্মক্ষম, কর্মহীন বা বার্ষিক ৬,০০০ টাকার উর্দ্ধে আয় করিতে অক্ষম এমন মুক্তিযোদ্ধা ;

(খ) বয়স্ক ভাতা পাইতেছেন এমন কোন ব্যক্তি;

(গ) ভি জি ডি কার্ডধারী দুঃস্থ মাতা ;

(ঘ) পাচারের ফলে ক্ষতিগ্রস্ত নারী বা শিশু ;

(ঙ) দুর্বৃত্ত দ্বারা এসিড দগ্ধ নারী বা শিশু ;

(চ) আদর্শ গ্রামে গৃহ বা ভূমি বরাদ্দ প্রাপক কোন ব্যক্তি ;



মূল্য ঃ টাকা ১·০০

(ছ) অসচ্ছল বিধবা, স্বামী পরিত্যক্তা এবং দুঃস্থ মহিলা ;

(জ) উপার্জনে অক্ষম এবং সহায় সম্বলহীন প্রতিবন্ধী ;

(ঝ) আর্থিক অসচ্ছলতার দরুন আদালতে অধিকার প্রতিষ্ঠা বা আত্মপক্ষ সমর্থন করিতে অসমর্থ ব্যক্তি ;

(ঞ) বিনা বিচারে আটক এমন ব্যক্তি যিনি আত্মপক্ষ সমর্থন করার যথাযথ ব্যবস্থা গ্রহণে আর্থিকভাবে অসচ্ছল ;

(ট) আদালত কর্তৃক আর্থিকভাবে অসহায় বা অসচ্ছল বলিয়া বিবেচিত ব্যক্তি ;

(ঠ) জেল কর্তৃপক্ষ কর্তৃক আর্থিকভাবে অসহায় বা অসচ্ছল বলিয়া সুপারিশকৃত বা বিবেচিত কোন ব্যক্তি ;

(ড) আইনগত সহায়তা প্রদান আইন, ২০০০ এর উদ্দেশ্য পূরণকল্পে সংস্থা কর্তৃক সময় সময় চিহ্নিত আর্থিকভাবে অসচ্ছল, সহায় সম্বলহীন, নানাবিধ আর্থ-সামাজিক এবং প্রাকৃতিক দুর্যোগের কারণে ক্ষতিগ্রস্ত ব্যক্তি যিনি আর্থিক অসচ্ছলতার কারণে স্বীয় অধিকার প্রতিষ্ঠার মামলা পরিচালনায় অসমর্থ।

**ব্যাখ্যা।**—এই নীতিমালার উদ্দেশ্য পূরণকল্পে "অসচ্ছল বা আর্থিকভাবে অসচ্ছল ব্যক্তি" অর্থে এমন ব্যক্তিকে বুঝাইবে যাহার বার্ষিক গড় আয় ৩,০০০ (তিন হাজার) টাকার উর্দ্ধে নয়।

সংস্থার আদেশক্রমে

**নাসরিন বেগম**
পরিচালক।

আবদুর রহমান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।